গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
বেসরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১০৭.২২.০০০৪.২৫.৪৩

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩৩
৩০ এপ্রিল ২০২৬

বিষয়: **জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ (NHSPC) এর আঞ্চলিক প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকল্পে প্রচার-প্রচারণা ও রেজিস্ট্রেশন কার্যক্রম প্রসঙ্গে।**

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের স্মারক নং- ৫৬.০১.০০০০.০০০.০০৭.১৩.০০০১.২৬.৫১; ২৮ এপ্রিল ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, অন্যান্য বছরের ন্যায় এ বছরও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক হাইস্কুল, মাদ্রাসা, পলিটেকনিক্যাল ইনস্টিটিউট ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের জন্য 'জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ (NHSPC)' আয়োজন করা হয়েছে।

২। উক্ত প্রতিযোগিতার আওতায় দেশব্যাপী আঞ্চলিক প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতা আগামী ১৬ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত হবে। আগ্রহী শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন করার জন্য নির্ধারিত ওয়েবসাইট: https://nhspc.bcc.gov.bd/ এবং রেজিস্ট্রেশনের সর্বশেষ সময় ০২ মে ২০২৬ তারিখ রাত ১২.০০ ঘটিকা।

এমতাবস্থায়, বর্ণিত প্রতিযোগিতার বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাধ্যমিক ও কলেজ পর্যায়ের সকল প্রতিষ্ঠানে প্রচার-প্রচারণা এবং শিক্ষার্থীদের স্বত:স্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি:** নির্দেশিকাসহ ০২ (দুই) পাতা।

৩০-০৪-২০২৬
এস এম জিয়াউল হায়দার হেনরী
সহকারী পরিচালক-১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি কলেজ (সকল)।
২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি ও বেসরকারি স্কুল এন্ড কলেজ (সকল)।
৩। প্রধান শিক্ষক, সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)।

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১০৭.২২.০০০৪.২৫.৪৩/১ (১০)

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩৩
৩০ এপ্রিল ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। নির্বাহ পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়।
৩। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/মনিটরিং এন্ড ইভালুয়েশন/প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ , ঢাকা।

৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৫। আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৬। জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস (সকল)।
৭। সভাপতি, ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি............................।
৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস (সকল)।
৯। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
১০। সংরক্ষণ, নথি।

৩০-০৪-২০২৬
এস এম জিয়াউল হায়দার হেনরী
সহকারী পরিচালক-১

সময় নির্ধারিত

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা মহাপরিচালকের দপ্তর
প্রাপ্তি নং
তারিখ:
পরিচালক
প্রকল্প-পরিচালক
উপ-পরিচালক
সহকারী পরিচালক
.........তারিখের মধ্যে নথিতে দিবেন/আলাপ করুন।
মহাপরিচালক

অতীব জরুরি

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
প্রশিক্ষণ ও উন্নয়ন
www.bcc.gov.bd
আগারগাঁও, ঢাকা (জনপ্রশাসন পদক প্রাপ্ত একটি প্রতিষ্ঠান)

স্মারক নম্বর: ৫৬.০১.০০০০.০০০.০০৭.১৩.০০০১.২৬.৫১

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩
২৮ এপ্রিল ২০২৬

**বিষয়: জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ (NHSPC)'-এর আঞ্চলিক প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকল্পে প্রচার-প্রচারণা ও রেজিস্ট্রেশন কার্যক্রম প্রসঙ্গে।**

মহোদয়,

যথাযথ সম্মান পদর্শনপূর্বক নিবেদন এই যে, অন্যান্য বছরের ন্যায় এ বছরও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক হাইস্কুল, মাদ্রাসা, পলিটেকনিক্যাল ইনস্টিটিউট ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের জন্য 'জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ (NHSPC)' আয়োজন করা হয়েছে।

২। উক্ত প্রতিযোগিতার আওতায় দেশব্যাপী আঞ্চলিক প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতা আগামী **১৬ মে ২০২৬** তারিখে অনুষ্ঠিত হবে। আগ্রহী শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন করার জন্য নির্ধারিত ওয়েবসাইট: https://nhspc.bcc.gov.bd/ এবং রেজিস্ট্রেশনের সর্বশেষ সময় **০২ মে ২০২৬ তারিখ রাত ১২:০০ ঘটিকা**।

৩। এমতাবস্থায়, আপনার অধীনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে উক্ত প্রতিযোগিতা বিষয়ে প্রয়োজনীয় প্রচার-প্রচারণা চালানো এবং শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ** ১। নির্দেশিকা ০১ (এক) পাতা।

**সংযুক্তিঃ**
(১) NHSPC 2026

২৮-০৪-২০২৬
এ. টি. এম. জিয়াউল ইসলাম
নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) ঢাকা।।

**দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। পরিচালক, কলেজ ও প্রশাসন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
২। পিএ টু পরিচালক, মাধ্যমিক উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

**স্মারক নম্বর:** ৫৬.০১.০০০০.০০০.০০৭.১৩.০০০১.২৬.৫১/১ (২) তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩ / ২৮ এপ্রিল ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। যুগ্মসচিব, আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

২। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়েরর সদয় অব গতির জন্য)।

২৮-০৪-২০২৬
মোঃ জফুরুল আলম খান
পরিচালক

BANGLADESH COMPUTER COUNCIL · ICT DIVISION

NHSPC ২০২৬

# জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬

৬ষ্ঠ শ্রেণি থেকে ১২শ শ্রেণির শিক্ষার্থীদের জন্য

রেজিস্ট্রেশনের শেষ তারিখ
**০২ মে ২০২৬**
সম্পূর্ণ বিনামূল্যে!

২০১৫ সাল থেকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ পরিচালিত এই প্রতিযোগিতা মেধাবী শিক্ষার্থীদের প্রোগ্রামিং ও আইসিটি কার্যক্রমে যুক্ত করে আসছে। সাধারণ, মাদ্রাসা, কারিগরি ও ব্রিটিশ কারিকুলামের শিক্ষার্থীরা সকলেই অংশ নিতে পারবে।

## প্রতিযোগিতার বিভাগসমূহ

### প্রোগ্রামিং প্রতিযোগিতা

৬-১০টি সমস্যা সমাধান করতে হবে C, C++ বা Python ব্যবহার করে

১) **৬ষ্ঠ - ৮ম** — জুনিয়র
২) **৯ম - ১০ম** — সেকেন্ডারি
৩) **১১শ - ১২শ** — হায়ার সেকেন্ডারি

### কুইজ প্রতিযোগিতা

৩০-৫০টি এমসিকিউ — দুইটি বিভাগে অনুষ্ঠিত হবে

১) **৬ষ্ঠ - ৮ম** — জুনিয়র
২) **৯ম - ১০ম** — সেকেন্ডারি

## কে অংশ নিতে পারবে?

- ✓ সাধারণ শিক্ষা বোর্ড — এইচএসসি ২০২৬ পরীক্ষার্থী পর্যন্ত
- ✓ মাদ্রাসা শিক্ষা বোর্ড — আলিম ২০২৬ পরীক্ষার্থী পর্যন্ত
- ✓ কারিগরি শিক্ষাবোর্ড — পলিটেকনিক ৪র্থ সেমিস্টার পর্যন্ত
- ✓ ব্রিটিশ কারিকুলাম — ২০২৬ সালের A2 পরীক্ষার্থী পর্যন্ত

**প্রোগ্রামিং ভাষা:**

`C` `C++` `Python`

## কীভাবে অংশ নেবে?

১. **অনলাইনে রেজিস্ট্রেশন**
nhspc.bcc.gov.bd তে গিয়ে ফর্ম পূরণ করো — সম্পূর্ণ বিনামূল্যে

২. **আঞ্চলিক প্রতিযোগিতা**
২৪টি ভেন্যুর যেকোনো একটিতে সশরীরে অংশগ্রহণ

৩. **জাতীয় ফাইনাল — ঢাকা**
কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি), ঢাকায় চূড়ান্ত পর্ব

প্রোগ্রামিং প্রতিযোগী: কম্পিউটার প্রতিযোগিতার আয়োজক কর্তৃক সরবরাহ করা হবে; প্রতিযোগীদের নিজস্ব ল্যাপটপ আনার প্রয়োজন নেই।

কুইজ প্রতিযোগী: পরীক্ষার সময় অবশ্যই একটি ক্লিপবোর্ড সঙ্গে আনতে হবে।

## পুরস্কার ও সুযোগ-সুবিধা

**ট্রফি ও পুরস্কার**
আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে আকর্ষণীয় পুরস্কার

**সার্টিফিকেট**
সকল অংশগ্রহণকারীর জন্য অংশগ্রহণের সার্টিফিকেট

**বিশেষ সেমিনার**
সাইবার সিকিউরিটি ও আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স সেমিনার

## সাধারণ জিজ্ঞাসা

**প্রোগ্রামিং না জানলে কি অংশ নেওয়া যাবে?**
হ্যাঁ! কুইজ প্রতিযোগিতায় অংশ নাও। ওয়েবসাইটের রিসোর্স থেকে প্রোগ্রামিং শিখে শুরু করতে পারো।

**প্রতিযোগিতার ফি কত?**
সম্পূর্ণ বিনামূল্যে! নিবন্ধন থেকে শুরু করে সব পর্যায়ে কোনো ফি নেই।

**একাধিক বিভাগে অংশ নেওয়া যাবে?**
না, প্রোগ্রামিং অথবা কুইজ — যেকোনো একটিতেই নিবন্ধন করতে হবে।

**প্রস্তুতি কীভাবে নেব?**
nhspc.bcc.gov.bd -এর রিসোর্স পেইজ ও toph.co-তে অনুশীলন করো। কুইজের জন্য NCTB আইসিটি বই পড়ো।